বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৬৮

তারিখ: ১৩ পৌষ ১৪২৮
২৮ ডিসেম্বর ২০২১

বিষয়: **বিএআরসি সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম [২.২] অনুসারে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ ' সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা,২০২১-২০২২ এর [২.২] কার্যক্রম অনুসারে গত ১২ ডিসেম্বর ২০২১ তারিখে বিএআরসিতে অনুষ্ঠিত 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ' সংক্রান্ত সভার কার্যবিবরণী সংযুক্ত করা হলো।

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৮-১২-২০২১
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়

**দৃষ্টি আকর্ষণঃ** যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৬৮/১(৩)

তারিখ: ১৩ পৌষ ১৪২৮
২৮ ডিসেম্বর ২০২১

অনুলিপি

১) পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, টিটিএমইউ এবং এপিএ ফোকাল পয়েন্ট, বিএআরসি।।
৩) একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

২৮-১২-২০২১
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার

"বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.barc.gov.bd

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর " সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডার (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন" সংক্রান্ত কার্যক্রম ২.২ এর আওতায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভার সভাপতি | ঃ ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি। |
| তারিখ ও সময় | ঃ ১২ ডিসেম্বর ২০২১; বিকাল ৩.০০ ঘটিকা। |
| স্থান | ঃ কনফারেন্স রুম-১, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| উপস্থিতির তালিকা | ঃ পরিশিষ্ট 'ক' |

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর পরিচালক (কম্পিউটার ও জিআইএস) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা ও গাইডলাইন মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২-এর কার্যক্রম [২.২] অনুসারে এ অর্থবছরে "সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডার (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন" বিষয়ক ২টি লক্ষ্যমাত্রা রয়েছে। সে অনুসারে বিএআরসি প্রদত্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে অংশীজনদের অবহিত করার জন্য এ সভার আয়োজন করা হয়েছে।

২। সভাপতি বলেন, সেবা প্রাপ্তি নাগরিকের একটি সাংবিধানিক অধিকার। প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে সেবা প্রদানে সকলকে প্রতিশ্রুতবদ্ধ হতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, এর মাধ্যমে সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য জবাবদিহিতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিএআরসি প্রদত্ত সেবা সম্পর্কে বিএআরসি ও এর অংশীজনদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অবহিত থাকা থাকা প্রয়োজন। এর ফলে সেবা প্রদানকারী, সেবা প্রদানের সময়, নির্ধারিত ফি, সেবা প্রদান পদ্ধতি ইত্যাদি বিষয়ে অংশীজনদের স্বচ্ছ ধারণা প্রাতিষ্ঠানিক জবাবদিহিতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

৩। এ প্রসঙ্গে পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বলেন, বিএআরসি এর সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা হতে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা প্রদান করা হয়ে থাকে। বিএআরসি হতে নাগরিকগণকে সরাসরি যে সেবা প্রদান করা হয় তাকে নাগরিক সেবা বলে। সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ; বিব্লিওগ্রাফিক সার্ভিস; কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান ইত্যাদি নাগরিক সেবার আওতাধীন।

৪। তিনি আরো বলেন, সরকারি যে কোন প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, সেবাদানকারী প্রতিষ্ঠানের আওতাধীন অধিদপ্তর/সংস্থা/কার্যালয় এবং দাপ্তরিকভাবে সম্পৃক্ত দেশি/বিদেশি বেসরকারি প্রতিষ্ঠান প্রদত্ত সেবাকে প্রাতিষ্ঠানিক সেবা বলে। যেমনঃ মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রদান; সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন; পিএইচডি বৃত্তি ও গবেষণা অনুদান প্রদান, জাতীয় কৃষি প্রদর্শনী কেন্দ্র পরিদর্শন ইত্যাদি সেবা সমূহ কাউন্সিলের প্রাতিষ্ঠানিক সেবার অর্ন্তভূক্ত। এছাড়াও কাউন্সিলের একই প্রতিষ্ঠানের অন্য বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা-কে এবং সেখানে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রদত্ত সেবাকে অভ্যন্তরীণ সেবা বলে। যেমনঃ সিপিএফ অগ্রিম/চুড়ান্ত মঞ্জুরী, কল্যাণ তহবিল, গোষ্ঠী বীমা, গ্রাচ্যুইটি, পিআরএল মঞ্জুর, ছুটি নগদায়ন ইত্যাদি।

৫। সভাপতি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুসারে কৃষি মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এখানে সেবা গ্রহীতাদের সেবা গ্রহণে সঠিক নির্দেশনা, সেবা প্রদানের সময়সীমা, সেবার মূল্য এবং সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ সংক্রান্ত তথ্য ৭টি কলামে সুনির্দিষ্টভাবে বিবৃত করা

হয়েছে। পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বলেন, নির্ধারিত সময়ে সেবা প্রদান নিশ্চিতকরণে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখাসমূহ হতে সেবা প্রদান করা হচ্ছে কিনা তা সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি নিবিড়ভাবে পরীক্ষা করে। কমিটি নিয়মিতভাবে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার বিষয়টিও মনিটরিং করে থাকে। তিনি আরো বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত অভিযোগ থাকলে নিস্পত্তির জন্য পরিচালক (সাপোর্ট সার্ভিস)-কে অনিক কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

৬। সভাপতি সভায় অংশগ্রহণকারীদের বিএআরসি এর প্রদত্ত প্রতিশ্রুত সেবা সম্পর্কে আলোচনা ও মতামতের আহবান জানান। সভায় বিএআরসি এর প্রদত্ত সেবা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৬.১ নাগরিক সেবা সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়া ত্বরান্বিতকরণ বিষয়ে আলোচনা হয়। সভায় সেবাগ্রহীতা/প্রতিষ্ঠানের আবেদন যাচাই-বাছাই, সার প্রমিতকরণ কমিটির সভা, ল্যাবরেটরীতে নমুনা পরীক্ষা ইত্যাদি কার্যাদি সময়মত সম্পন্ন হওয়া বিষয়ে আলোচনা করা হয়।

৬.২ কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান বিষয়ে আলোচনা করা হয়।

৬.৩ কৃষি পরামর্শ বাতায়ন ও সার সুপারিশমালা অনলাইন সেবা হালনাগাদকরণ বিষয়ে আলোচনা হয়।

৬.৪ নির্ধারিত কার্যদিবসে কাউন্সিলের প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা প্রদান চলমান বিষয়ে আলোচনা করা হয়।

০৬। **সিদ্ধান্তঃ** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৬.১ | সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়া ত্বরান্বিকরণ বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |
| ৬.২ | কৃষি পরামর্শ বাতায়ন অনলাইন সেবা হালনাগাদকরণে ব্যবস্থা গ্রহণ | কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বিএআরসি |
| ৬.৩ | বিএআরসি এর সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণকে সকল অংশীজনদের সাথে সার্বক্ষনিকভাবে সংযোগ অব্যাহত রেখে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী স্ব স্ব দায়িত্ব পালন করতে হবে; | বিএআরসি এর সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ |
| ৬.৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত কার্যদিবসের মধ্যে সেবা গ্রহীতাদের সেবা প্রদান নিশ্চিত করতে হবে; | ঐ |
| ৬.৫ | সেবা গ্রহীতার সেবা গ্রহণে বিলম্ব হলে তা সমাধানে সকল বিভাগ/ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে; | বিএআরসি এর সকল বিভাগ/ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৬.৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সুপারিশ (যদি থাকে) তা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে; | ঐ |

০৭। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

২৮/১২/২০২২

(ড. শেখ মোহাম্মদ বখতিয়ার)
নির্বাহী চেয়ারম্যান
বিএআরসি।

কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং- ১২.২০.০০০০.০১৩.২৫.০০২.২১/২৪০৭ তারিখঃ ২৮/১২/২০২১ খ্রি.

**বিষয়:** বিএআরসি সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম [২.২] অনুসারে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ' সংক্রান্ত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম [২.২] অনুসারে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা' গত ১২ ডিসেম্বর ২০২১ তারিখে ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান এর সভাপতিত্বে বিএআরসি'র ১নং সভা কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৬.১ | সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়া ত্বরান্বিকরণ বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |
| ৬.২ | কৃষি পরামর্শ বাতায়ন অনলাইন সেবা হালনাগাদকরণে ব্যবস্থা গ্রহণ | কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বিএআরসি |
| ৬.৩ | বিএআরসি এর সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণকে সকল অংশীজনদের সাথে সার্বক্ষনিকভাবে সংযোগ অব্যাহত রেখে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী স্ব স্ব দায়িত্ব পালন করতে হবে; | বিএআরসি এর সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ |
| ৬.৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত কার্যদিবসের মধ্যে সেবা গ্রহীতাদের সেবা প্রদান নিশ্চিত করতে হবে; | ঐ |
| ৬.৫ | সেবা গ্রহীতার সেবা গ্রহণে বিলম্ব হলে তা সমাধানে সকল বিভাগ/ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে; | বিএআরসি এর সকল বিভাগ/ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৬.৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সুপারিশ (যদি থাকে) তা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে; | ঐ |

এমতাবস্থায়, উক্ত সভার উল্লিখিত সিদ্ধান্তসমূহ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/১২/২০২১

(মো: আল মোবাশ্বের হোসেন)
প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (চলতি দায়িত্ব)
ই-মেইল: m,hussen@barc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য পরিচালক (শস্য/মৎস্য/এনআরএম/প্রাণিসম্পদ/পরিকল্পনা ও মূল্যায়ন/প্রশাসন ও অর্থ/এইআরএস), বিএআরসি।
২. পরিচালক (টিটিএমইউ/জনশক্তি ও প্রশিক্ষণ/পুষ্টি/এআইসি/সাপোর্ট সার্ভিস/অর্থ/কম্পিউটার এন্ড জিআইএস), বিএআরসি।
৩. ড. সুরাইয়া পারভীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (টিটিএমইউ) এবং ফোকাল পয়েন্ট, এপিএ টীম, বিএআরসি, ঢাকা।

অনুলিপি:

১. পরিচালক (কম্পিউটার এন্ড জিআইএস), বিএআরসি (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
২. নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি।